অনুবাদ।

৭৩

তারিখ ২৫/১০/৮১
পৃষ্ঠা ........ কলাম ...

# রাজশাহী বিভাগের বেসরকারী কলেজে ভুয়া শিক্ষকের হিড়িক

গাইবান্ধা, ১২ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।--রাজশাহী বিভাগের অধিকাংশ বেসরকারী কলেজ ভুয়া শিক্ষকের দ্বারা পরিচালিত হচ্ছে। কাগজে-কলমে নামসর্বস্ব এসব কলেজের ছাত্র ছাত্রীর চেয়ে শিক্ষকের সংখ্যাই বেশী বলে জানা গেছে।

অভিযোগে প্রকাশ, রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন রংপুর, দিনাজপুর, বগুড়া, পাবনা ও রাজশাহী জেলার বিভিন্ন এলাকায় পরিচালিত বেসরকারী কলেজের সংখ্যা প্রায় দু'শর মত। এর মধ্যে ৪০টি কলেজ কোন রকমে চলছে। অবশিষ্ট ১শ' ৬০টি কলেজের নাম কেবলমাত্র কাগজে-কলমেই টিকিয়ে রাখা হয়েছে। এই দু'শ' কলেজের মধ্যে উচ্চ মাধ্যমিক বিজ্ঞান বিভাগের শতাধিক কলেজে কৃষি বিজ্ঞান বিষয়ক পাঠ্যসূচী খোলা হলেও তা ভুয়া শিক্ষকের দ্বারা পরিচালিত হয়ে আসছে দীর্ঘদিন থেকে।

খোঁজ খবর নিয়ে জানা গেছে, এই শতাধিক কলেজে কৃষি বিজ্ঞান বিভাগের প্রকৃত শিক্ষক সংখ্যা মাত্র ৭জন। কিন্তু কৃষি গ্রান্ট নেয়া ও ছাত্র সংখ্যা বৃদ্ধির জন্য এসব কলেজে প্রায়ই মিথ্যার আশ্রয় নেয়া হচ্ছে এবং সরকারী কর্মচারী তথা থানা পর্যায়ের পশুপালন কর্মকর্তা, সম্প্রসারণ, মৎস্য অফিসার, সমবায় কর্মকর্তা, পাট সম্প্রসারণ কর্মকর্তা প্রভৃতিকে বিভিন্ন কলেজের কৃষি বিজ্ঞান বিষয়ক অধ্যাপকের দায়িত্ব পালন করতে দেখা যাচ্ছে। প্রমাণস্বরূপ উল্লেখ করা যায়, রংপুরের শঠিবাড়ী মৎস্য ফার্ম ম্যানেজারকে শঠিবাড়ী কলেজের কৃষি বিভাগের অধ্যাপক হিসেবে কাজ করার কথা। এ রকমের নজির পীরগাছা, সুন্দরগঞ্জ, নলডাঙ্গাসহ প্রায় প্রত্যেকটি কলেজেই রয়েছে। কোন না কোন সরকারী কর্মচারী এক সাথে দু'টি চাকুরীর সুবিধা অর্জন করছে। অথচ এটা সরকারী আইনের পরিপন্থী।

এভাবে অধিকাংশ বেসরকারী কলেজেই ভুয়া শিক্ষক দেখিয়ে কিংবা কলেজের নামে বিভিন্ন ফাণ্ডের টাকা উঠিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা কলেজের কাজে না লাগিয়ে আত্মসাৎ করছেন বলে অভিযোগ রয়েছে। এব্যাপারে একটি উচ্চ পর্যায়ে তদন্ত ও জরিপ কার্য চালিয়ে কলেজসমূহের সঠিক মূল্যায়ন করা প্রয়োজন হয়ে পড়েছে বলে অভিজ্ঞ মহল অভিমত প্রকাশ করেছে।

## আখের উৎপাদন আশাব্যঞ্জক

চলতি মওসুমে রংপুর চিনিকল (মহিমাগঞ্জ) এলাকায় উৎপাদিত আখের 'বাম্পার ফলন' লক্ষ্য করা যাচ্ছে। এবার মিলের প্রয়োজনীয় চাহিদা পূরণ করেও কৃষকের জমিতে প্রায় ৩০ লাখ মণ আখ উদ্বৃত্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ তথ্য চিনিকল সংস্থার ওয়ার্কার্স ইউনিয়নের প্রেসিডেন্ট জনাব শামসুজ্জামান ও সেক্রেটারী জনাব এমদাদুল হক সূত্রে জানা গেছে।